

আশা ইউনিভার্সিটির ফার্মাসি বিভাগের শিক্ষা কার্যক্রম বর্জন করলেন শিক্ষার্থীরা


নিজস্ব
প্রতিবেদক

০২ অক্টোবর,
২০২৪ ২১:৫০

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

রাজধানী ঢাকায় অবস্থিত বেসরকারি বিশ্ববিদ্যালয় আশা ইউনিভার্সিটি বাংলাদেশের ফার্মাসি বিভাগের ক্লাস, পরীক্ষাসহ সব ধরনের শিক্ষা কার্যক্রম বর্জন করেছেন সাধারণ শিক্ষার্থীরা। আজ বুধবার বিশ্ববিদ্যালয়টিতে এমন ঘটনা ঘটে।

সাধারণ শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসের সামনে একটি নোটিশ টানিয়ে দেন। তাতে লেখা ছিল, 'ফার্মাসি ডিপার্টমেন্টের শিক্ষার্থীদের যথাযথ দাবি পূরণ না হওয়ার কারণে অদ্য ০২/১০/২০২৪ ইং হইতে অনির্দিষ্টকালের জন্য ডিপার্টমেন্টের সব কার্যক্রম বর্জন করা হলো।

শিক্ষার্থীরা জানান, ডিপার্টমেন্টের শিক্ষা কার্যক্রমের অবস্থা খুবই খারাপ। অনেক দিন ধরেই নিয়মিত শিক্ষকের অভাব রয়েছে। বর্তমানে নিয়মিত শিক্ষক মাত্র তিনজন। শিক্ষার্থীর সংখ্যা কমে গেছে।

নতুন শিক্ষার্থী ভর্তি নিয়ে বিশ্ববিদ্যালয়ের তেমন উদ্যোগ নেই। পুরো ডিপার্টমেন্টে এখন ৩০-৩৫ জন জন শিক্ষার্থী হবে। বিভাগে কোনো ডিন নেই। একটি ফার্মাসি বিভাগে যে ধরনের সুযোগ-সুবিধা থাকার কথা সেগুলোও নেই।

নাম প্রকাশ না করা শর্তে বিভাগের এক শিক্ষার্থী কালের কণ্ঠকে জানান, এসব বিষয় নিয়ে উপাচার্যের সঙ্গে বেশ কয়েকবার তারা কথা বলেছেন। কিন্তু সমস্যা সমাধানের কোনো উদ্যোগ নেওয়া হয়নি। তাই তারা বিভাগের সব ধরনের শিক্ষা কার্যক্রম বর্জন করেছেন।